

**Bhavan's Tripura Vidyamandir**

Pre-Board Test: (2024-2025)

**Class:- 10**

Time:- 3 Hours

Name of the student :

**Subject:- Bengali**

Total :- 80 Marks

Roll: Section:

**General Instructions:**

1. The question paper contains 6 printed pages.
2. The question paper contains 16 questions.
3. The question paper is divided into two parts.

PART A: Objective type paper (MCQ): 25 Marks

PART B: Descriptive paper 55 marks

4. PART -A has three Sections: (MCQ)

Section A: Reading (Unseen comprehension): 12 marks

Section B: Grammar. 03 marks

Section- C: Main Course Book &amp; Supplementary Reader/Non detailed

Text: 10 Marks

5. PART B has three Sections: (Subjective)

Section B: Grammar. 10 Marks

Section C: Main Course Book &amp; Supplementary Reader/Non detailed

Text: 33 Marks

Section D: Creative Writing 12 Marks

**ক-বিভাগ****Part -A Objective type Questions (MCQ)****Section -A (Reading: Unseen Comprehension)****1.নীচের অনুচ্ছেদগুলি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করে লিখ:****(1X4)X3=12**

A) পশ্চিমবাংলায় অজয় নামে একটা নদী আছে। তার উৎপত্তি হল ছোট নাগপুরের মালভূমিতে। অজয় নামের মানেই হল যাকে পোষ মানানো যায় না। কত যুগ ধরে কবিরাজ অজয় নদীর সর্বনাশা রূপ সম্বন্ধে কবিতা আর গান লিখেছেন। আজ পর্যন্ত মাঝে মাঝেই অজয় নদীর ধারের বালি খুঁড়ে কত লোকে পুরোনো নৌকোর অপূর্ব খোদাই করা ভাস্করা টুকরো খুঁজে পায়। কাঠের নৌকোর টুকরো এখন পাথরের মত হয়ে গেছে। দুই হাজার বছরের কী তার বেশি পুরনো ধাতু দিয়ে তৈরি দেবদেবীর মূর্তি আর বহুকাল আগে কোন ভুলে-যাওয়া দুর্ঘটনায় যারা অজয় নদীর জলে প্রাণ দিয়েছিল তাদের ব্যবহার করা কত গহনা, বাসনপত্র, এতদিন পরে আবারো পাওয়া যাচ্ছে।

**নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে কোনটি ঠিক চিহ্নিত কর:-****অ) অজয় নদীর যে রূপটি কবিদের গান ও কবিতায় ফুটে উঠেছে, তা হলো \_\_\_\_**

- i) সৌন্দর্য                      ii) নৌ যাত্রা                      iii) বালিয়াড়ি                      iv) সর্বনাশা রূপ

**আ) অজয় নদীর উৎপত্তিস্থল \_\_\_\_**

- i) হুগলি জেলা দিয়ে                      ii) বাঁকুড়া জেলা দিয়ে                      iii) বীরভূম জেলা দিয়ে                      iv) ছোটনাগপুরের মালভূমিতে

ই) মন্তব্য : কত যুগ ধরে কবিরাজ অজয় নদীর সর্বনাশা রূপ নিয়ে কবিতা গান লিখেছেন।

কারণ : (ক) অজয় নদীর ধারের বালি খুঁড়ে পাওয়া গেছে বিভিন্ন ধ্বংসাবশেষ। কেননা অজয়ের নামের মানেই হচ্ছে যে পোষ মানে না।

কারণ : (খ) পশ্চিমবঙ্গে অবস্থিত অজয় নদীর সৌন্দর্যে কবিরাজ মোহিত হয়েছিল।

কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য ?

- |                                       |   |
|---------------------------------------|---|
| i) কারণ (ক) সঠিক কিন্তু (খ) ভুল       | ii) কারণ (ক) এবং কারণ (খ) কোনটিই সঠিক নয় |
| iii) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক | iv) কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক     |

ঈ) 'দুর্ঘটনা' \_\_\_\_\_ এই সন্ধিবদ্ধ শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে হবে \_\_\_\_\_

- |            |              |               |             |
|------------|--------------|---------------|-------------|
| i) দু+ঘটনা | ii) দুঃ+ঘটনা | iii) দুর+ঘটনা | iv) দু+ঘটনা |
|------------|--------------|---------------|-------------|

B. ছোটবেলায় যখন আমরা বাংলা স্কুলে পড়তাম তখন লালু ছিল সকলের মিস্ট্রি। তার বইয়ের থলির মধ্যে সর্বদাই মজুত থাকতো একটা হামান দিস্তার খাঁটি, একটা নুরুন, একটা ভাঙ্গা ছুরি, ফুটো করবার একটা পুরানো তুরপুনের ফলা, একটা ঘোড়ার নাল— কি জানি কোথা থেকে সে এসব সংগ্রহ করেছিল। সে পারত না এমন কোন কাজ ছিল না। স্কুলের সকলের ছাতা সারানো, স্লেটের ফ্রেম আঁটা, কেউ খেলতে গিয়ে জামা কাপড় ছিঁড়ে গেলে সেটাকে সেলাই করে দেওয়া \_\_\_\_\_ আরো কত কী! কোন কাজে কখনো না বলতো না। কাজটা করতো চমৎকারভাবে। একবার 'ছট' পর্বের দিনে কয়েক পয়সার রঙিন কাগজ আর শোলা কিনে কি একটা নতুন খেলনা তৈরি করে সে গঙ্গার ঘাটে বসে প্রায় আড়াই টাকার খেলনা বিক্রি করে ফেলল। তার থেকে আমাদের পেট ভরে চিনা বাদাম ভাজা খাইয়ে দিল।

অ) আমরা যখন স্কুলে পড়তাম তখন লালু সকলের কী ছিল?

- |             |           |                |            |
|-------------|-----------|----------------|------------|
| i) মিস্ট্রি | ii) মানুষ | iii) সন্ন্যাসী | iv) শিক্ষক |
|-------------|-----------|----------------|------------|

আ) লালু তার যন্ত্রপাতি দিয়ে কি করত?

- |               |                |                |                   |
|---------------|----------------|----------------|-------------------|
| i) যেকোনো কাজ | ii) রংয়ের কাজ | iii) কাঠের কাজ | iv) মেরামতের কাজ। |
|---------------|----------------|----------------|-------------------|

ই) মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য ?

মন্তব্য : (ক) ছোটবেলায় যখন আমরা বাংলা স্কুলে পড়তাম সেখানে লালু ছিল সকলের মিস্ট্রি।

মন্তব্য : (খ) এমন কাজ ছিল না যেটা লালু পারত না অর্থাৎ সে সব কাজেই পারদর্শী ছিল।

- |   |   |
|---|---|
| i) মন্তব্য (ক) সঠিক কিন্তু মন্তব্য (খ) ভুল  | ii) মন্তব্য (ক) ভুল কিন্তু মন্তব্য (খ) সঠিক |
| iii) মন্তব্য (ক) এবং মন্তব্য (খ) দুটিই সঠিক | iv) মন্তব্য (ক) এবং মন্তব্য (খ) দুটিই ভুল   |

ই) বিপরীত শব্দ লিখ:- 'ভাঙ্গা'

- |         |          |            |            |
|---------|----------|------------|------------|
| i) নতুন | ii) গড়া | iii) ভাবনা | iv) সুন্দর |
|---------|----------|------------|------------|

C. পশু পক্ষীদের ও অন্যান্য জন্তুদিগের বাক্ শক্তি নেই। তাহাদের মনে কখনো ভাবের উদয় হয় বটে; কিন্তু ওরা, মানুষের মতো কথা কহিয়া, তা ব্যক্ত করিতে পারেনা। তাই বলে একপ্রকার অব্যক্ত শব্দ ও চিৎকার করে। গো, মহিষ, মেষ, ছাগল, ঘোড়া, কুকুর, বিড়াল, পক্ষী প্রভৃতি জন্তু এক এক প্রকার শব্দ করে। এ সকল দ্বারা তাদের হর্ষ, বিষাদ, রোষ, অভিলাষ প্রকৃতি মনের ভাব ব্যক্ত করে। কিন্তু সে অব্যক্ত শব্দ বুঝিতে পারা যায় না; এজন্য ঐ সকল শব্দকে ভাষা বলে না; কিছু কিছু পাখিকে শিখাইলে তারা মানুষের মতো স্পষ্ট শব্দের উচ্চারণ করিতে পারে কিন্তু অর্থ বোঝাতে পারে না। যা শিখে, বারংবার তাহাই উচ্চারণ করিতে থাকে।

অ) পশু পক্ষীদের কোন শক্তির অভাব থাকে?

- |               |                 |                 |                 |
|---------------|-----------------|-----------------|-----------------|
| i) মনের শক্তি | ii) দৃষ্টিশক্তি | iii) বাক্ শক্তি | iv) গ্রহণ শক্তি |
|---------------|-----------------|-----------------|-----------------|

আ) পশু পক্ষীরা কিভাবে মনের ভাব প্রকাশ করে ?

- |                          |                        |
|--------------------------|------------------------|
| i) অব্যক্ত শব্দ ও চিৎকার | ii) ইশানের মধ্য দিয়ে  |
| iii) দৌড়ানোর মধ্য দিয়ে | iv) লাফানোর মধ্য দিয়ে |

ই) মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য ?

মন্তব্য : (ক) পশু পক্ষীদের বাক্ শক্তিনেই, তাই বলে অব্যক্ত শব্দ ও চিৎকার করে মনের ভাব প্রকাশ করে।

মন্তব্য : (খ) পশুপক্ষীরা মনের ভাব প্রকাশ করতে পারে।

- |   |  |
|---|--|
| i) মন্তব্য (ক) ঠিক কিন্তু মন্তব্য (খ) ভুল       | ii) মন্তব্য (ক) ভুল কিন্তু মন্তব্য (খ) ঠিক |
| iii) মন্তব্য (ক) ও মন্তব্য (খ) দুটিই গ্রহণযোগ্য | iv) মন্তব্য (ক) এবং (খ) দুটোই ভুল          |

ঈ) 'বাক্ শক্তি' শব্দটির সন্ধি বিচ্ছেদ কর।

- |                |                |                 |                  |
|----------------|----------------|-----------------|------------------|
| i) বাক্+ অক্তি | ii) বাক্+শক্তি | iii) বাগ +সক্তি | iv) বাগ + শক্তি। |
|----------------|----------------|-----------------|------------------|

### **Section -B Grammar (MCQ)**

2. ব্যাকরণ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি বেছে লেখো। (যে কোনো তিনটি)

(1×3)=3

অ) পরিযায়ী পাখির দল চিড়িয়াখানায় আসিতেছে

(বাক্যটিকে চলিত ভাষায় পরিবর্তন করলে এর রূপ হবে)–

- |   |  |
|---|--|
| i) পরিযায়ী পাখিরা চিড়িয়াখানায় আসছে।     | ii) পরিযায়ী পাখিরা চিড়িয়াখানায় আসতে চলেছে। |
| iii) পরিযায়ী পাখির দল চিড়িয়াখানায় আসছে। | iv) পরিযায়ী পাখি চিড়িয়াখানার মধ্যে আসছে।    |

আ) বরং তার কষ্ট আরো বেড়ে গেল

(সাধুরীতিতে বাক্যটির রূপ কী হবে)?

- |                                     |                                   |
|-------------------------------------|-----------------------------------|
| i) বরং তাহার কষ্ট আরো বাড়িয়ে গেল। | ii) তাহার কষ্ট আরো বাড়িতে লাগিল। |
| iii) তাহার কষ্ট খুব বাড়িতে লাগলো।  | iv) বরং তার কষ্ট বাড়তে লাগলো।    |

ই) বড় ভয় করিতে লাগিল নদের চাঁদের। (চলিত রীতিতে বাক্যটির রূপ কী হবে)

- |  |  |
|--|--|
| i) বড় ভয় করতে লাগল নদের চাঁদের।      | ii) বড় ভীতি করতে লাগিল নন্দের চাঁদের। |
| iii) বড়ই ভয় করিতে লাগিল নদের চাঁদের। | iv) নদের চাঁদের বড় ভয় করতে লাগল।     |

ঈ) কল্য সন্ধ্যাবেলায় এই ঘর ভরিয়া দিতে হইবে

(বাক্যটিকে চলিত ভাষায় পরিবর্তন করলে এর রূপ হবে) –

- |  |   |
|--|---|
| i) আগামীকালের সন্ধ্যাবেলায় এ ঘর ভরে দিতে হবে। | ii) কাল সন্ধ্যাবেলায় এই ঘর ভরে দিতে হবে। |
| iii) সন্ধ্যাবেলায় কাল ঘর ভরতে হবে।            | iv) সন্ধ্যা কাল ভরতে হবে ঘর।              |

উ) নিমাইবাবু চুপ করে থাকলেন।

(সাধুরীতিতে বাক্যটির রূপ কী হবে)

- |                                   |                                  |
|-----------------------------------|----------------------------------|
| i) নিমাই বাবু চুপ করিয়া রইল      | ii) নিমাই বাবু চুপ করিয়া রহিলেন |
| iii) চুপ করিয়া রহিলের নিমাই বাবু | iv) নিমাই বাবু চুপ করলেন         |

### **Section - C Main Course Book & Supplementary Reader/Non -detailed Text :(MCQ)**

3. পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো (যে কোনো ছ'টি)

1X6=6

ক) "এবার মারি তো হাতি, লুটি তো ভান্ডার" কে বলেছিলেন?

- |               |           |            |               |
|---------------|-----------|------------|---------------|
| i) জগদীশ বাবু | ii) হরিদা | iii) ভবতোষ | iv) সন্ন্যাসী |
|---------------|-----------|------------|---------------|

খ) 'অদল বদল' গল্পটি কোন ভাষায় লেখা?

i) হিন্দি

ii) গুজরাটি

iii) মারাঠি

iv) বাংলা

গ) "আজ থেকে আমরা অমৃতকে 'অদল' আর ইসাবকে 'বদল' বলে ডাকবো" \_\_এই ঘোষণা কে করেছিলেন?

i) গ্রাম অধ্যক্ষ

ii) গ্রাম প্রধান

iii) গ্রাম উপপ্রধান

iv) গ্রাম পঞ্চায়েত

ঘ) মন্তব্য:-হরিদার জীবনে সত্যি একটা নাটকীয় বৈচিত্র্য আছে"\_\_

কারণ (ক) :বৈচিত্র্যটি হলো হরিদার জীবনের পেশা

কারণ (খ) : হরিদা বহুরূপী সেজে অর্থ উপার্জন করেন

কারণ দুটিকে ঠিক অথবা ভুল হিসেবে চিহ্নিত করো।

i) কারণ (ক) সঠিক হলেও কারণ (খ) ভুল।

ii) কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক।

iii)কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক।

iv) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই ভুল।

ঙ) "একদিন আমার ল্যাবরেটরিতে এসে শুষ্ক মুখে বসে আছেন"\_\_কে, কার ল্যাবরেটরি তে শুষ্ক মুখে বসেছিলেন?

i) আলোবাবু অভিনাশ বাবুর ল্যাবরেটরীতে

ii) আলোবাবু গল্পকথকের ল্যাবরেটরীতে

iii) গল্পকথক আলুবাবুর ল্যাবরেটরীতে

iv) অভিনাশবাবু গল্পকথকের ল্যাবরেটরীতে

চ) "বহুরূপী" গল্পে জগদীশ বাবু কি উদ্দেশ্যে বিরাগীকে টাকা দিতে চাইলেন?

i) পূজা- অর্চনারউদ্দেশ্যে

ii) তীর্থ ভ্রমণের উদ্দেশ্যে

iii) যাগযজ্ঞের উদ্দেশ্যে

iv) নৌকা ভ্রমণের উদ্দেশ্যে

ছ) মন্তব্য: "ইসাবের মেজাজ চড়ে গেল।"

কারণ : (ক) ইসাবের খুব কাছের বন্ধু অমৃতকে ছুড়ে মাটিতে ফেলে দিল বলে।

কারণ : (খ) অমৃত কুস্তি খেলতে রাজি হয়নি বলে।

কারণ দুটিকে ঠিক অথবা ভুল হিসেবে চিহ্নিত করো।

i) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক।

ii) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই ভুল।

iii) কারণ (ক) সঠিক হলেও কারণ (খ) ভুল।

iv) কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক।

জ)" সত্যিই অন্যায় কাজ করেছেন"\_\_কে অন্যায় কাজ করেছে ?

i) ডাক্তারবাবু

ii) অবিনাশ বাবু

iii) আলোবাবু

iv) জগদীশ বাবু

4. গল্পগুচ্ছ (পাঠ্যসংস্করণ) থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো।  
(যে কোনো চারটি)

1X4=4

ক) "আর তো এখানে থাকা হয় না"\_\_উক্তিটি কার?

i) শশীভূষণের

ii) রাধারানীর

iii) রাধা মুকুন্দ

iv) খাজনা দারের

খ) উলাপুর পোস্ট অফিসটি কে বা কারা প্রতিষ্ঠা করেছিল?

i) উলাপুরের এক সাহেব

ii) নীলকুঠির এক সাহেব

iii) আলমোড়ার এক সাহেব

iv) আজমপুরের এক সাহেব

গ) মন্তব্য : "শশীভূষণের জমিদারি নিলাম হয়ে গেল।"

কারণ (ক) খাজনার দায়ে।

কারণ (খ) বিভিন্ন অপরাধে জর্জরিত হয়ে।

কারণ দুটিকে ঠিক অথবা ভুল হিসেবে চিহ্নিত করো।

i) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক।

ii) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই ভুল।

iii) কারণ (ক) সঠিক হলেও কারণ (খ) ভুল।

iv) কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক।

ঘ) দান প্রতিদান গল্পটির প্রকাশ কাল লিখ?

i) ১৮৯৮

ii) ১৮৯৬

iii) ১৮৯২

iv) ১৮৭৯

ঙ) "কাবুলিওয়ালা" গল্পের দারোয়ানের নাম কি?

i) রামপাল

ii) রামদয়াল

iii) রামকুমার

iv) রমেশগাইন

চ) "দান প্রতিদান গল্পের গল্পকার কে?

i) কাজী নজরুল ইসলাম

ii) রবীন্দ্রনাথ ঠাকুর

iii) বনফুল

iv) সুকান্ত ভট্টাচার্য

### PART -B (Descriptive Type Questions)

#### Section - B Grammar : (Subjective)

5. ক) সন্ধি বিচ্ছেদ করো। (যে কোনো দুটি)

(1X2)=2

সদুত্তর, বাগধারা, পরিচ্ছন্ন, বাগীশ্বরী

খ) সন্ধিবদ্ধ পদটি লেখো। (যে কোনো দুটি)

(1X2)=2

গদ্য+ছন্দ, প্র+ছন্দ, বি+ছেদ, উৎ+যোগ

6. ব্যাসবাক্য সহ রেখাঙ্কিত পদের সমাস নির্ণয় করো। (যে কোনো পাঁচটি)

(1X3)=3

ক) রাস্তায় ঝরাপাতা পরিপূর্ণ

খ) গরমিল থাকলে কোন কাজই সুন্দরভাবে সম্পন্ন করা যায় না।

গ) পিতা-মাতা হচ্ছে শ্রেষ্ঠ ভগবান

ঘ) এটি একটি গীতিনাট্য।

ঙ) চাণক্য সিংহাসন গ্রহণ করলেন।

7. নির্দেশ অনুযায়ী প্রদত্ত বাক্যগুলির রূপান্তর করো। পরিবর্তন কর : (যে কোনো পাঁচটি)

(1X3)=3

ক) বৃষ্টি থামল তারপর আমরা গেলাম (যৌগিক বাক্য)

খ) তিনি জ্ঞানী ছিলেন, সেজন্যই তিনি বিনয়ী ছিলেন। (সরল বাক্য)

গ) গুনহীন ব্যক্তির জীবনই বৃথা। (জটিল বাক্য)

ঘ) সর্বহারার শৃঙ্খল ছাড়া হারাবার কিছু নেই। (যৌগিক বাক্য)

ঙ) সাবধান না হলে বিপদে পড়বে। (জটিল বাক্য)

**Section -C Main Course Book & Supplementary Reader/Non detailed Text :**

8. ক) "অদৃষ্ট কখনো হরিদার এই ভুল ক্ষমা করবে না" \_ হরিদা কি ভুল করেছিল? 2
9. ক) "স্নেহের কাঙ্গাল বেচারা" \_ কার সম্পর্কে এই উক্তি করা হয়েছে? 3
- খ) "আজ তোমাদের একটা জবর খেলা দেখাবো" \_ কার লেখা? কোন গল্পের উক্তি এটি? বক্তাকে? 3
10. ক) "রত্নের মূল্য জহুরীর কাছে" \_  
বিষয়টির উপর আলোকপাত কর? (2+3)=5  
অথবা,  
খ) "তেমনই অনায়াসে সোনাও মাড়িয়ে চলে যেতে পারি।" - হরিদা কে? আলোচ্য উক্তি হরিদার নির্লোভ জীবনের আদর্শের সঙ্গে কীভাবে সংযুক্ত তা বিশ্লেষণ করো।
11. সপ্রসঙ্গসহ ব্যাখ্যা লেখো: 5
- ক) "গান তো জানি একটা দুটো  
আঁকড়ে ধরে সে খড়কুটো"  
অথবা,  
খ) "দেখো, জপমালা হাতে  
তোমার মা আর আমার আন্মা  
জগৎ জোড়া সুখ  
আর দুনিয়ার শান্তির জন্য  
একাসনে"
12. ক) "আমাদের ডান পাশে ধস  
আমাদের বায়ে গিরিখাদ" \_ কার লেখা কোন কবিতার অংশ? আলোচ্য অংশটির তাৎপর্য ব্যাখ্যা কর? (2+3)=5  
অথবা,  
খ) "অন্ধকারে তিন পাহাড়ে ট্রেনের থেকে নেমে  
হাওয়া বিলাসী তিন জোড়া চোখ আটকে গেল ফ্রেমে" \_ কার লেখা কোন কবিতার অংশ? উক্ত বিষয়টির তাৎপর্য বিশ্লেষণ কর?
13. ক) "বালিকা রতন আর বালিকা রইল না" - বালিকা রতন কে? বালিকা রতন আর বালিকা রইলো না কেন? (2+3)=5
14. ক) "সংসারে একটা এই মহৎ পরিবর্তন দেখা গেল" --- কখন সংসারে মহৎ পরিবর্তন দেখা গিয়েছিল? মহৎ পরিবর্তনের পরিচয় দাও? (2+3)=5  
অথবা,  
খ) 'কাবুলিওয়ালা' গল্পের কেন্দ্রীয় চরিত্র কোনটি? "কাবুলিওয়ালা" গল্পের কাহিনী অবলম্বনে মিনি ও রহমতের সম্পর্কটি বিশ্লেষণ কর

**Section -D : Creative Writing**

15. নিম্নলিখিত যেকোনো একটি বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা করো। 6
- ক) তোমার চোখে ভবিষ্যৎ পৃথিবী।  
খ) জলই জীবন-জল বাঁচাও অথবা জল সংরক্ষণ  
গ) ভারতের চন্দ্র অভিযান।
16. নিম্নলিখিত বিষয় অবলম্বনে পত্ররচনা করো:- 6
- ক) প্লাস্টিক ব্যবহার পরিবেশের পক্ষে অত্যন্ত ক্ষতিকারক। একজন সচেতন নাগরিক হিসেবে এ বিষয়ে তোমার মতামত প্রকাশ করে সংবাদপত্রের সম্পাদককে একটি পত্র লেখো।  
অথবা,  
খ) দুর্গাপূজার সময় বলপূর্বক চাঁদা আদায় একটি সামাজিক ব্যাধি। এ বিষয়ে তোমার নিজস্ব মতামত জানিয়ে আগরতলা থেকে প্রকাশিত 'দেশের কথা' পত্রিকার সম্পাদককে একটি চিঠি লেখো।